

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৯.২৫.০৬২.৯৫.৩৬৪


তারিখ: ২৮ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১২ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এর ভাইস চ্যান্সেলর ড. মো: হারুন-উর-রশিদ আসকারীকে Northwestern Pritzker School of Law এর Bluhm Legal Clinic প্রোগ্রামে অংশগ্রহণ এবং পারস্পরিক সহযোগিতা বিষয়ক আলোচনার জন্য আগামী ২৬.১১.২০১৯ থেকে ১০.১২.২০১৯ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিন (যাতায়াত সময়সহ) বহির্বাংলাদেশ ছুটি মঞ্জুরপূর্বক নিম্নে বর্ণিত শর্তে যুক্তরাষ্ট্র ভ্রমণের অনুমতি প্রদান করা হলো:

- (ক) এ ভ্রমণের বিমানভাড়া বাবদ আনুমানিক ১৪০০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা বিশ্ববিদ্যালয়ের সেমিনার/কনফারেন্স খাত (কোড নং- ৩২১১১১১) থেকে বহন করা হবে। স্থানীয় আতিথেয়তা বাবদ ব্যয় আয়োজক সংস্থা বহন করবে;
 - (খ) তিনি ভ্রমণশেষে দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং ভ্রমণের ওপর প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;
 - (গ) ভ্রমণকালীন তিনি বাংলাদেশি মুদ্রায় বেতনভাতাদি গ্রহণ করবেন;
 - (ঘ) ভাইস চ্যান্সেলরের অনুপস্থিতিতে প্রো-ভাইস চ্যান্সেলর ড. মো: শাহিনুর রহমান নিজ দায়িত্বের অতিরিক্ত ভাইস চ্যান্সেলরের রুটিন দায়িত্ব পালন করবেন।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে



নীলিমা আফরোজ
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭২১৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৪। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
- ৬। প্রফেসর ড. মোঃ শাহিনুর রহমান, উপ-উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
- ১০। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ১১। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১২। উপপরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)